

BENGALI

Paper—II

(Literature)

Time Allowed : Three Hours

Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any **THREE** of the remaining questions, selecting at least **ONE** question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in **BENGALI**.

Important Note

Whenever a question is being attempted, all its parts/sub-parts must be attempted contiguously. This means that before moving on to the next question to be attempted, candidates must finish attempting all parts/sub-parts of the previous question attempted.

This is to be strictly followed.

Pages left blank in the answer-book are to be clearly struck out in ink. Any answers that follow pages left blank may not be given credit.

Section—A

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা 150) : $12 \times 5 = 60$

(a) প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন :

যাহাঁ পহঁ অরুণ-চরণে চলি যাত।

তাহাঁ তাহাঁ ধরনী হইয়ে মঝু গাত ॥

যো দরপণে পহঁ নিজ মুখ চাহ।

মঝু অঙ্গ জ্যোতি হোই তথি মাহ ॥

এ সখি বিরহ-মরণ নিরদন্দ।

ঐছনে মিলই যব গোকুল-চন্দ ॥

(b) প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন :

এই সব গুণ হয় বৈষ্ণব-লক্ষণ।

সব কথা নাহি যায় করি দিগদরশন ॥

কৃপালু অকৃতদ্রোহ সতাসার সম।

নির্দোষ বদান্য মৃদু শুচি অকিঞ্চন ॥

সর্বোপকারক শান্ত কৃষ্ণকশরণ।

অকাম অনীহ ছির বিজিত বড়গুণ ॥

(c) প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন :

হৃদয় আমার ক্রন্দন করে

মানব-হৃদয়ে মিশিতে

নিখিলের সাথে মহা রাজপথে

চলিতে দিবস-নিশীথে

আজন্মকাল পড়ে আছি মৃত

জড়তার মাঝে হয়ে পরাজিত

একটি বিন্দু জীবন-অমৃত

কে গো দিবে এই তৃষিতে ?

- (d) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রতিটি সর্গের নামের উল্লেখ ও ব্যাখ্যা করুন। মধুসূদন তাঁর কাব্য সর্গবদ্ধ করলেন কেন ?
- (e) কপালকুণ্ডলার পরিণতির মূলে মানুষ এবং নিয়তি—কোন প্রভাব অধিকতর কার্যকরী হয়েছে বলে আপনি মনে করেন ? সংক্ষেপে আলোচনা করুন।
2. (a) বিদ্যাপতি এবং চণ্ডীদাস সৃষ্ট রাধা চরিত্রের তুলনামূলক আলোচনা করুন। 30
- (b) মাথুর ও বিরহ এ দুয়ের মধ্যে কোনো সূক্ষ্ম পার্থক্য আছে কি ? উদাহরণসহ আলোচনা করুন। 30
3. (a) "একজন গ্রীক যে-রকম কবিতা লিখিত আমিও সেইভাবে লিখিব।" মধুসূদনের এই সংকল্প 'মেঘনাদবধ কাব্য' রচনায় কতটা সার্থক হয়েছে বলে আপনি মনে করেন ? উপযুক্ত উদাহরণসহ আলোচনা করুন। 30
- (b) 'ছিন্নপত্রাবলী' গ্রন্থটি অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি-চেতনার বৈশিষ্ট্য আলোচনা করুন। 30
4. (a) 'সাম্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বলেছেন "পৃথিবীতে তিনবার আশ্চর্য্য ঘটনা ঘটিয়াছে।" এই ঘটনাগুলি কী কী ? বঙ্কিম তাদের আশ্চর্যজনক বলেছেন কেন ? 30
- (b) মুকুন্দের 'চণ্ডীমঙ্গল'-এর যে কোনো তিনটি চরিত্র অবলম্বনে কবির চরিত্রাঙ্কনে দক্ষতার পরিচয় দিন। 30

Section—B

5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার উৎসীমা 150) :

12×5=60

- (a) প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন :

শিক্ষক ছাত্রকে শিক্ষার পথ দেখিয়ে দিতে পারেন, মনোরাজ্যের ঐশ্বর্যের সন্ধান দিতে পারেন, তার কৌতূহল জাগ্রত করতে পারেন, তার বুদ্ধিবৃত্তিকে জাগ্রত করতে পারেন, তার জ্ঞানপিপাসাকে জ্বলন্ত করতে পারেন, এর বেশি কিছু পারেন না।

- (b) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লিখুন :

“... যত সম্পদ, যত উপকরণ—এই দেহটাকে সর্বপ্রকারে সুখে রাখিবার মত যত বিবিধ আয়োজন—আজ অযাচিত তাহার পদতলে আসিয়া ঠেকিয়াছে, তাহার দুর্নিবার মোহ অবিশ্রান্ত একহাতে টানিতে এবং অন্যহাতে ফেলিতে লাগিল।”

- (c) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লিখুন :

মাটি-পৃথিবীর টানে মানবজন্মের ঘরে কখন এসেছি
না এলেই ভালো হত অনুভব করে
এসে যে গভীরতর লাভ হলো সে-সব বুঝেছি
শিশির শরীর ছুঁয়ে সমুজ্জ্বল ভাওবে;

- (d) ‘জাগরী’ উপন্যাসের গঠন-কৌশলের অভিনবত্ব আলোচনা করুন।

- (e) “কবি জন্ম-রোমান্টিক হলেও প্রাত্যহিক সমস্যার আহ্বানকে উপেক্ষা করেননি।” ‘নবজাতক’ কাব্যগ্রন্থের অন্তত দুটি কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করুন।
6. (a) “প্রমথ চৌধুরীর ভাষা মুখের ভাষা হয়ে ওঠেনি, সাধু ভাষার মতই একটি কৃত্রিম ভাষা হয়ে আছে।” এই অভিমতের সপক্ষে বা বিপক্ষে আপনার যুক্তি উপস্থিত করুন। 30
- (b) রবীন্দ্রনাথ ‘রক্তকরবী’ নাটক সম্পর্কে বলেছেন এটি সত্যমূলক।
- (i) এটি কি প্রকারের সত্য? ব্যাখ্যা করে বুঝিয়ে দিন। 15
- (ii) নাটকটি রূপক না সাক্ষেতিক? কোন্ আখ্যা এর পক্ষে অধিকতর উপযোগী বলে আপনি মনে করেন? 15
7. (a) ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকে বাঙালি জীবনের কি চিত্র পাওয়া যায়, তার পরিচয় দিন। 30
- (b) “‘গৃহদাহ’ উপন্যাসে আধুনিক প্রেমভাবনার আভাস আছে।” মন্তব্যটি সমর্থন বা খণ্ডন করুন। 30
8. (a) “‘আরণ্যক’ প্রথা-বহির্ভূত উপন্যাস, এ উপন্যাসের গোত্র নির্ণয় সহজ নয়।” মন্তব্যটির সারবত্তা নিরূপণ করুন। 30
- (b) নিম্নলিখিত গল্প দুটির বিশ্লেষণপূর্বক তাদের অভিনবত্ব আলোচনা করুন : 30
- সরীসৃপ ; ছোট বকুলপুরের যাত্রী।

★ ★ ★

